ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৭৯
আগরতলা, ৬ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘কর্ম সংস্কৃতি বেহাল আই জি এম হাসপাতালে,’’ এই শিরোনামে ত্রিপুরা দর্পণ পত্রিকায় আজ (৬ আগস্ট, ২০২৫ ইং) প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতেআইজিএম হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট-এর নির্দেশে গঠিত তিন সদস্যের একটি তদন্ত কমিটির প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, আইজিএম হাসপাতালের ওপিডি-এর কর্মীদের তাস এবং লুডু খেলার সাথে জড়িত থাকার কোনও প্রমাণ পাওয়া যায়নি। মেডিক্যাল অফিসাদের মধ্যে কোনও গোষ্ঠী রয়েছে এমন কোনও প্রমাণও পাওয়া যায়নি। তদন্তকালে জানা গেছে যে, পত্রিকায় উল্লেখিত ল্যাব টেকনিশিয়ান গত পাঁচ বছর ধরে কোমড়ের স্পন্ডিলিয়ামের সাথে ডায়াবেটিসে আক্রান্ত এবং সেই কারণে তিনি দীর্ঘ সময় ধরে তার পা একই অবস্থানে রাখতে পারছেন না। তবে সংশ্লিষ্ট ব্যক্তিকে কর্তব্যরত সময়ে এমন আচরণ করার জন্য সতর্ক করা হয়।

********